দৈনিক ব...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র



তারিখ 16 JAN 198..
পৃষ্ঠা ... 6 / 1 ...

## সম্পাদকীয়

# আমরা শোকার্ত

গতকাল টঙ্গীর কাছে বাংলাদেশের ইতিহাসে ভয়াবহতম ট্রেন দুর্ঘটনায় কমপক্ষে ৭০ জন ট্রেনযাত্রী প্রাণ হারিয়েছেন। আহত হয়েছেন তিন শতাধিক মানুষ। গুরুতর আহতদের অনেকেই হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন। আজ শোক জানানোর ভাষা আমাদের নেই। দুঃখ প্রকাশের ভংগীও আমরা হারিয়ে ফেলেছি। একটি দুর্ঘটনায় দেশের এতগুলি মানুষ প্রাণ দিলেন। পঙ্গু হয়ে গেলেন কত মানুষ। কত সংসার নিঃস্ব হল।

ট্রেন দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে শোকাভিভূত হৃদয়ে ছুটে গেছেন প্রেসিডেন্ট এরশাদ মন্ত্রিসভার সদস্যবর্গ। দাঁড়িয়েছেন আহতদের পাশে। অগণিত শোকার্ত মানুষ সেখানে ভীড় করেছেন। সরকার আজ জাতীয় শোক দিবস ঘোষণা করেছেন। নিহত ও আহত ব্যক্তিদের ক্ষতিপূরণ দেবেন সরকার। সেনাবাহিনীর সদস্যরা উদ্ধার কাজে দ্রুত এগিয়ে এসেছেন। এসেছেন সাধারণ মানুষ। আহতদের রক্তদানের জন্য স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এসেছেন বহু জন। দুর্যোগ, দুর্ঘটনায় ও শোকে এই পারস্পরিক সহানুভূতি ও ঐক্য আমাদের মস্তবড় সম্বল।

দুটি ট্রেনের এই মুখোমুখি সংঘর্ষের জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে নিশ্চয়ই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকার একজন বিচারপতির নেতৃত্বে ইতিমধ্যেই একটি তদন্ত কমিটি গঠন করেছেন। কিন্তু একই সঙ্গে, এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি যাতে আর না ঘটে, তারও ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে। ট্রেন, লঞ্চ ও ট্রাক-বাস দুর্ঘটনা বহু মানুষের জীবন হানির কারণ হয়ে দাঁড়িয়েছে। মাত্র কিছুদিন আগে লঞ্চডুবিতে ৯৩ জনের সলিল সমাধি ঘটেছে। দুর্ঘটনা প্রতিরোধের জন্যে সামগ্রিকভাবে ব্যবস্থা নেয়া দরকার।

গত কয়েক মাসের মধ্যে ভয়াবহ বন্যা, সাইক্লোন ও লঞ্চ ডুবিতে বিপুল মৃত্যুর পর টঙ্গীর ট্রেন দুর্ঘটনায় আবারও এত প্রাণহানি আমাদের হৃদয়কে গভীর বেদনায় ভারাক্রান্ত করে তুলেছে। আমরা শোকার্ত। যারা এ দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন, আমরা তাদের রূহের মাগফেরাত কামনা করি। যারা আহত হয়েছেন তাদের দ্রুত নিরাময় কামনা করি। আহত ও নিহতদের পরিবার পরিজনকে জানাই গভীর সমবেদনা।